

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৬৪ ৬/ সফর (أَبْوَابُ السَّفَرِ) পরিচ্ছেদঃ সালাতুল খাওফ।

باب مَا جَاءَ فِي صَلاَةِ الْخَوْفِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرِيْعٍ، حَدَّثَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيِّ صلى الله عليه وسلم صلَّى صَلاَةَ الْخَوْفِ بِإِحْدَى الطَّائِفَتَيْنِ رَكْعَةً وَالطَّائِفَةُ الْأَخْرَى مُوَاجِهِةُ الْعَدُوِ ثُمَّ انْصَرَفُوا فَقَامُوا فِي مَقَامِ بِإِحْدَى الطَّائِفَةَ وَالطَّائِفَةُ الْأَخْرَى ثُمَّ سَلَّمَ عَلَيْهِمْ فَقَامَ هَوُّلاَءِ فَقَضَوْا رَكْعَتَهُمْ وَقَامَ هَوُّلاَءِ فَقَضَوْا رَكْعَتَهُمْ وَقَامَ هَوُّلاَءِ فَقَضَوْا رَكْعَتَهُمْ عَلْهُمْ عَلَيْهِمْ فَقَامَ هَوُّلاَءِ فَقَضَوْا رَكْعَتَهُمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ . وَقَدْ رَوَى مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ الْنِ عُمَرَ مِثْلَ هَذَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَحُذَيْفَةَ وَزَيْدِ بْنِ تَابِتِ عَبَّاسٍ وَأَبِي هُرَيْرَةَ وَابْنِ مَسْعُودِ وَسَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ وَأَبِي عَيَاشٍ الزُّرَقِيِّ وَاسْمُهُ وَابْنِ عَبَاسٍ وَأَبِي بَكْرَةَ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ ذَهَبَ مَالِكُ بْنُ أَبِي عَيَاشٍ الزُّرَقِيِّ وَاسْمُهُ لَيْ رَيْدُ بِنُ صَامِت وَأَبِي بَكْرَة . قَالَ أَبُو عِيسَى وَقَدْ ذَهَبَ مَالِكُ بْنُ أَبِي عَيَاشٍ الزُّرَقِيِّ وَاسْمُهُ لَيْ يَعْسَلِ بْنِ أَبِي حَثْمَةً وَهُو قَوْلُ الشَّافِعِيّ . وَقَالَ أَحْمَدُ قَدْ رُوعِيَ عَنِ النَّبِيّ وَالْمُوفِ عَنِ النَّبِيّ صَلَاةِ الْخَوْفِ عَلَى الشَّافِعِيّ . وَقَالَ أَحْمَدُ قَدْ رُوعِيَ عَنِ النَّبِيّ وَلَا السَّافِعِي . وَقَالَ أَحْمَدُ قَدْ رُوعِيَ عَنِ النَّبِيّ وَلَيْ الْمُؤْوفِ عَلَى السَّافِعِي عَنِ النَّبِيّ صَلَى الله عليه وسلم مَلاَة والْحَوْفِ وَهُكَذَا قَالَ إِسْحَاقُ بُنُ إِبْرَاهِيمَ قَالَ تَبْتِ صَلَى الله عليه وسلم فِي صَلَاةِ الْخُوفِ فَهُو جَائِزٌ وَهَذَا عَلَى قَدْرِ الْحُوفِ . وَرَأَى أَنَ كُلُّ مَا رُوعِي عَنِ النَّبِيّ صَلى الله عليه وسلم فِي صَلَاةِ الْخُوفِ فَهُو جَائِزٌ وَهَذَا عَلَى قَدْرِ الْخَوْفِ . قَرَأَى أَنَ كُلُ مَا رُوكِي عَنِ النَّبِي صَلَى اللهَ عليه وسلم فِي صَلَى الشَوْفُ فَهُو جَائِزٌ وَهَذَا عَلَى قَدْرِ الْخَوْفِ . قَلَا الشَّوْفُ . قَلَى النَّولُوفَ . قَلَى السَّامُ الْمُوفَ . قَلَى النَّعَلَا عَلَى النَّا مَلْ الْمَا مُوفِ

## বাংলা

৫৬৪. মুহাম্মদ ইবনু আবদিল মালিক ইবনু আবিশ-শাওয়ারিব (রহঃ) ..... সালিম তৎপিতা ইবনু উমর রাদিয়াল্লাহ্ আনহু সূত্রে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এইভাবে সালাতুল খাওফ আদায় করেছেন যে, (পুরো দলকে দুই ভাগে বিভক্ত করে) এক দলকে নিয়ে এক রাকআত পড়েছেন। এই সময়ে অপর একদল শক্রর



সামনে থেকে ছেন। এরপর যে দল এক রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করেরেছন তারা যে দল শক্রর সামনে রয়েছেন তাদের স্থানে গিয়ে অবস্থান নিয়েছেন আর শক্রর সম্মুখে অবস্থানরত দল সালাতে এসে শরীক হয়েছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে নিয়ে অপর এক রাকআত সমাধা করেছেন এবং নিজে সালাম ফিরিয়ে নিয়েছেন (কারণ তাঁর সালাত (নামায/নামাজ) শেষ হয়ে গেছে) এরপর সালাত (নামায/নামাজ) রত দল দাঁড়িয়ে তাদের এক রাকআত পুরা করেছেন এবং শক্রর সম্মুখে যারা অবস্থানরত তারাও দাঁড়িয়ে (অবশিষ্ট) এক রাকআত পুরা করে নিয়েছেন। - সহিহ আবু দাউদ ১১৩২, ইরওয়া ৩/৫০, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৬৪ [আল মাদানী প্রকাশনী]

ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি (৫৬১ নং) হাসান-সহীহ। মূসা ইবনু উকবা (রহঃ)-ও এটি নাফি ইবনু উমর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই বিষয়ে জাবির, হুসায়ফা, যায়দ ইবনু সাবিত, ইবনু আব্বাস, আবূ হুরায়রা, ইবনু মাসঊদ, সাহল ইবনু আবূ আয়্যাশ আয্ যুরাকী-তাঁর নাম হ'ল যায়দ ইবনু সামিত এবং আবূ বকরা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইমাম মালিক (রহঃ) সালাতুল খাওফ-এর ব্যাপারে সাহল ইবনু আবী হাসমা (রহঃ) বর্ণিত হাদীস অনুসারে পদ্ধতি গ্রহণ করেছেন। এটা ঈমাম শাফিঈ (রহঃ)-এরও অভিমত।

ইমাম আহমদ (রহঃ) বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কয়েকভাবে সালাতুল খাওফ আদায়ের পদ্ধতি বর্ণিত আছে।এই বিষয়ে বর্ণিত হাদীসগুলো সহীহ বলেই আমি জানি। তবে আমি সাহল ইবনু আবী হাসমা বর্ণিত পদ্ধতিটই গ্রহণ করেছি। ইসহাক ইবনু ইবরাহীমও এইরূপ বক্তব্য দিয়েছেন। তিনি বলেনঃ সালাতুল খাওফ সম্পর্কিত রিওয়ায়াতসমূহ সহীহ বলে প্রমাণিত। এই বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে যতগুলো পদ্ধতি বর্ণিত আছে, সবগুলোই জায়েয। এই বিভিন্নতা হ'ল খাওফ বা ভীতির পরিমাণের তারতম্য হিসাবে। ইসহাক বলেনঃ আমরা অন্যান্য রিওয়ায়াতসমূহের উপর সাহল আবী হাসমার রিওয়ায়াতটির প্রাধান্য দেই না।

## **English**

Salim narrated from his father:

"The Prophet prayed Salat Al-Khawf, praying one Rak'ah with one of the two groups, while the other group was facing the enemy. (When the first group finished they first Rak'ah with him), they went and took position (of the second group, facing the enemy). Then the second group came and he led them in another Rak'ah, then he said the Taslim to them, while the group proceeded to complete their (second) Rak'ah. Thereafter, the first group stood up to finish their (second) Rak'ah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন